**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

Headlines :

**১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রক্তদান শুধুমাত্র একটি দান নয়, তা সামাজিক দায়বদ্ধতার এক অনস্বীকার্য উদাহরণ।**

**২) কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এক দেশ এক নির্বাচন সম্পর্ক যুক্ত দুটি বিল আগামীকাল লোকসভায় পেশ করবেন।**

**৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরামর্শেই রাজ্যে আধুনিক পরিকাঠামো গড়ে তোলার কাজ শুরু হয়েছে।**

**৪) মর্যাদাপূর্ণ জাতীয় শক্তি সংরক্ষণ পুরস্কার ২০২৪ -এ চার রাজ্যের গ্রুপে প্রথম স্থান পেলো ত্রিপুরা।**

**************************************************

**Blood Donation-Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, রক্তদান শুধুমাত্র একটি দান নয়, তা সামাজিক দায়বদ্ধতার এক অনস্বীকার্য উদাহরণ। রক্তদানের মাধ্যমে মানুষের জীবনের অন্তনির্হিত মূল্য ও মর্যাদাকেও স্বীকার করা হয়।

অ্যাসোসিয়েশন অব সার্ভিস ইঞ্জিনীয়ার্স অব ত্রিপুরার বার্ষিক সাধারণ সম্মেলন উপলক্ষে আজ সুকান্ত একাডেমিতে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে এই একথা বলেন তিনি।

####Byte Governor#####

রাজ্যপাল ভবিষ্যৎ প্রয়োজনীয়তার কথা মাথায় রেখে রাজ্যব্যাপী রক্তদাতাদের একটি সামগ্রিক তালিকা তৈরি করার উপর গুরুত্বারোপ করেন। এতে প্রয়োজনের সময় দুষ্প্রাপ্য গ্রুপের রক্ত পেতে সহায়ক হবে বলে তিনি আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সচিব সন্দীপ আর রাঠোর, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এএসএসইটি'র সভাপতি ইঞ্জিনীয়ার মিহিরকান্তি গোপ।

*********************

**Amit Shah:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ রায়গড়ে ছত্তিশগড় পুলিশকে মর্যাদাপূর্ণ 'প্রেসিডেন্ট'স কালার' পুরস্কার প্রদান করেন। এই অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে তিনি মাওবাদীদের অস্ত্র ত্যাগ করে সমাজের মূলধারায় যোগ দেওয়ার আহ্বান জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ছত্তিশগড় সরকার একটি উত্তম আত্মসমর্পণ নীতি প্রবর্তন করেছে এবং আত্মসমর্পণকারী মাওবাদীদের একটি ভাল পুনর্বাসন প্যাকেজ দেওয়া হবে। অনুষ্ঠানে ছত্তিশগড়ের মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই এবং উপ-মুখ্যমন্ত্রী বিজয় শর্মা উপস্থিত ছিলেন।

*********************

**PM Narendra Modi pays tribute:**

আজ আধুনিক ভারতের স্রষ্টা লৌহপুরুষ সর্দার বল্লভভাই প্যাটেলের মৃত্যুবার্ষিকীতে গোটা দেশ তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও তাঁকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, সর্দার বল্লভভাই প্যাটেলের ব্যক্তিত্ব ও কৃতিত্ব দেশের ঐক্য, অখণ্ডতা ও বিকশিত ভারতের সংকল্প পূরণে দেশবাসীর কাছে অনুপ্রেরণা হয়ে থাকবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, তাঁর মহান ব্যক্তিত্ব এবং দেশ গড়ার দৃঢ় সংকল্প চিরকাল ধ্রুবতারার মতো পথ প্রদর্শক হয়ে থাকবে।

*********************

**VIJAY DIWAS:**

গৌরবোজ্জ্বল বিজয় দিবসের ৫৩-তম বার্ষিকী উপলক্ষে আসাম রাইফেলস আজ আগরতলায় একটি হাফ ম্যারাথন অনুষ্ঠানের আয়োজন করে। ১৯৭১ সালের যুদ্ধের সময় ভারতীয় সশস্ত্র বাহিনীর বীরত্ব ও আত্মত্যাগকে শ্রদ্ধা ও সম্মান জানাতে নিবেদিত এই গুরুত্বপূর্ণ দিনটি উদযাপনের জন্য বিভিন্ন ক্ষেত্রের ৬০০ জনেরও বেশি অংশগ্রহণকারী এই অনুষ্ঠানে সমবেত হন। এই দিনটি ভারতীয় সেনাদের সাহস ও নিষ্ঠার একটি প্রমাণ, যা ঐক্য ও অখণ্ডতার অভিন্ন লক্ষ্যের দিকে ভারতীয় নাগরিকদের নিয়ে যায়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায়। তিনি এই ধরনের একটি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের আয়োজনের জন্য আসাম রাইফেলসের প্রচেষ্টার প্রশংসা করেন, দেশপ্রেমের গুরুত্বের উপর জোর দেন এবং একটি প্রাণবন্ত সমাজ গঠনের জন্য শারীরিক সুস্থতার ওপর নজর দিতে সকলকে উৎসাহিত করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত বিশিষ্ট অলিম্পিয়ান দীপা কর্মকার। এই অনুষ্ঠানে যুবসমাজ, মহিলা, শিশু এবং প্রবীণ নাগরিক সহ সমস্ত স্তরের উৎসাহীদের অংশগ্রহণ দেখা যায়। স্থানীয়দের মধ্যে একাত্মতার অনুভূতি জাগিয়ে তুলতে বিভিন্ন দেশাত্মবোধক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

*********************

**One Nation One Election:**

কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল 'এক দেশ এক নির্বাচন' সম্পর্ক যুক্ত দুটি বিল আগামীকাল লোকসভায় পেশ

করবেন। বিল দুটি হল সংবিধানের ১২৯ তম সংশোধনী বিল ও কেন্দ্রশাসিত অঞ্চল আইন সংশোধনী বিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় মন্ত্রীসভা গত বৃহস্পতিবার এই বিল অনুমোদন করে। এই সংশোধনী বিলে লোকসভা ও বিধানসভা নির্বাচন একসঙ্গে করার প্রস্তাব রাখা হয়েছে।

*********************

**CM-Udaipur:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির পরামর্শেই রাজ্যে আধুনিক পরিকাঠামো গড়ে তোলার কাজ শুরু হয়েছে। পরিকাঠামোর উন্নয়নের জন্য রাজ্য সরকারের বাজেটে প্রায় ৭ হাজার কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। আজ উদয়পুরের রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ৭টি প্রকল্পের শিলান্যাস ও ভার্চুয়ালি গামারিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের নবনির্মিত দ্বিতল ভবনের দ্বারোদঘাটন করে তিনি একথা বলেন। তিনি আরও বলেন, রাজ্যে যোগাযোগ, শিক্ষা, স্বাস্থ্য ও ক্রীড়াক্ষেত্র সহ বিভিন্ন ক্ষেত্রে উন্নত পরিকাঠামো গড়ে তোলার কাজ চলছে। সরকারের লক্ষ্য এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলা।

#####Byte CM#####

মুখ্যমন্ত্রী আজ উদয়পুরে ৪৪ কোটি টাকা ব্যয়ে উদয়পুর পুর পরিষদের ভবন, বিপণীবিতান ও অডিটোরিয়ামের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়া ৪০ কোটি টাকা ব্যয়ে নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের বিজ্ঞান ভবন, ৮ কোটি ৫১ লক্ষ টাকা ব্যয়ে রমেশ স্কুলের বিচিত্রা হল ও নয়াভবন, ৫ কোটি ৭৯ লক্ষ ৮৭ হাজার টাকা ব্যয়ে রমেশ স্কুল মাঠে সিন্থেটিক টার্ফ বসানো, ১০ কোটি টাকা ব্যয়ে রাজারবাগ মোটরস্ট্যান্ড, ১৬ কোটি ২৪ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয়ে ২০০ শয্যা বিশিষ্ট যুব আবাস এবং ২৪

কোটি ২০ লক্ষ টাকা ব্যয়ে জেলাশাসক অফিসের ভবন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতলচন্দ্র মজুমদার প্রমুখ।

**********************

**Legal Services Camp:**

কৈলাশহরের সিঙ্গিরবিল ইংরেজি মাধ্যম বিদ্যালয় প্রাঙ্গণে আজ মেগা আইনী পরিষেবা শিবির অনুষ্ঠিত হয়। ঊনকোটি জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্দ্যোগে ও জেলা প্রশাসনের সহযোগিতায় আয়োজিত এই শিবিরের উদ্বোধন করেন, জেলা ও দায়রা জজ সুদীপ্তা চৌধুরী। তিনি বলেন, নাগরিকদের কাছে বিবিধ পরিষেবা পৌঁছে দেবার লক্ষ্যেই এই প্রয়াস। আইনী সেবার সাংবিধানিক অধিকার ও সুযোগ গ্রহণের উপর তিনি গুরুত্বারোপ করেন।

বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা,কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, আইন সেবা কর্তৃপক্ষের জেলা সচিব দীপা ভট্টাচার্য প্রমুখ। শিবিরে বিভিন্ন দপ্তর ও সংস্থার মোট ১৯ টি স্টল খোলা হয়। আনুষ্ঠানিকভাবে নাগরিকদের মধ্যে বিভিন্ন শংসাপত্র, মঞ্জুরীপত্র ইত্যাদি তুলে দেওয়া হয়।

**********************

**Convention:**

অনিয়মিত কর্মচারীদের নিয়মিতকরন, সমকাজে সমবেতন, সহ বিভিন্ন দাবি নিয়ে আজ আগরতলায়- ত্রিপুরা অনিয়মিত কর্মচারী মঞ্চের রাজ্যভিত্তিক কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনার বিশিষ্ঠ আইনজীবী পুরুষোত্তম রায় বর্মন জানান, আগামী চৌঠা জানুয়ারি আগরতলায় অনিয়মিত কর্মচারীরা ধর্না সংঘটিত করবে।

*********************

**Gmp Rally:**

সংবিধানের ১২৫ তম সংশোধনী বিল সংসদে পাশ করে এডিসিকে অধিক ক্ষমতা প্রদান, পতিছড়ি ও পূর্ব পিলাকে দুইটি ব্লক স্হাপন সহ ৯ দফা দাবিতে আজ জোলাইবাড়িতে মিছিল ও সভার আয়োজন করে উপজাতি গনমুক্তি পরিষদ ও উপজাতি যুব ফেডারেশন। সভায় বক্তব্য রাখেন গনমুক্তি পরিষদের শান্তিরবাজার মহকুমা সম্পাদক পরীক্ষিত মুড়াসিং উপজাতি যুব ফেডারেশন মহকুমা সভাপতি পূর্নচন্দ্র ত্রিপুরা ও সম্পাদক নয়নমনি মুড়াসিং প্রমুখ।

*********************

**Tripura Bidyut Nigam:**

মর্যাদাপূর্ণ শক্তি সংরক্ষণ পুরস্কার, ন্যাশনাল এনার্জি কনজারভেশন অ্যাওয়ার্ড এর গ্রুপ-৪ এর মধ্যে ত্রিপুরা প্রথম পুরস্কার পেয়েছে । গতকাল নয়াদিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত শক্তি সংরক্ষণ দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এই পুরস্কার প্রদান করা হয়। কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের আধিকারিকরা এই পুরস্কার প্রদান করেন। রাজ্য বিদ্যুৎ নিগমের ভারপ্রাপ্ত ম্যানেজিং ডিরেক্টর সর্বজিৎ সিং ডোগরা এবং নিগমের এ. জি. এম, সীমা দাস, এই পুরস্কার গ্রহণ করেন। শিল্প, বাণিজ্যিক এবং আবাসিক ক্ষেত্রে শক্তি সঞ্চয়ে অসামান্য অবদানের জন্য ত্রিপুরার ব্যুরো অফ এনার্জি এফিশিয়েন্সি -কে স্বীকৃতি স্বরূপ এই পুরস্কার দেওয়া হয়েছে।

*********************

**Energy Conservation Award:**

মর্যাদাপূর্ণ জাতীয় শক্তি সংরক্ষণ পুরস্কার ২০২৪ -এ চার রাজ্যের গ্রুপে প্রথম স্থান পেলো ত্রিপুরা। এর পাশাপাশি, শক্তি সংরক্ষণের উপর জাতীয় চিত্রকলা প্রতিযোগিতার গ্রুপ-বি

বিভাগে প্রথম পুরস্কারের গৌরব অর্জন করেছে রাজ্য। কেন্দ্রীয় বিদ্যুৎ মন্ত্রকের অধীনে ব্যুরো অফ এনার্জি এফিসিয়েন্সি এই প্রতিযোগিতার আয়োজন করে। নিপকোর পক্ষ থেকে  এখবর জানানো হয়েছে।

আগরতলার ভবন'স ত্রিপুরা বিদ্যামন্দিরের দশম শ্রেণির ছাত্র রিতেশ গুহ রায় সর্বভারতীয় এই চিত্রকলা প্রতিযোগিতার গ্রুপ-বি বিভাগে প্রথম পুরস্কার পুরস্কার লাভ করে ।

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর গতকাল, জাতীয় শক্তি সংরক্ষণ দিবস উপলক্ষে শক্তি সংরক্ষণ ২০২৪-এর জাতীয় চিত্রকলা প্রতিযোগিতার বিজয়ীদের সম্মানিত করেন।

*********************

**National School Judo:**

জাতীয় স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছরের বালিকাদের আসরে বিজয়ীদের আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে পুরষ্কার তুলে দেয়া হয়। এন এস আর সি সি'র ইন্ডোর হল-এ চারদিনের আসরের শেষ দিনে পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান উপস্থাপিত হয়।

*********************

**Choochbehar Trophy:**

কোচবিহার ট্রফি অনূর্ধ্ব ১৯ বছরের ক্রিকেটের প্ল্যাট গ্রুপের ফাইন্যাল খেলায় পুদুচেরীর বিরুদ্ধে লড়াই করছে ত্রিপুরা। পুদুচেরীতে অনুষ্ঠিত চারদিনের ম্যাচের দ্বিতীয় দিনে স্বাগতিক পুদুচেরী প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ৩৬৪ রান সংগ্রহ করে। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে দুই উইকেট হারিয়ে ৮৯ রান করে।

*********************

**Under 23 Cricket:**

অনূর্ধ্ব ২৩ বছরের জাতীয় ক্রিকেটের সীমিত ওভারের আসরে গ্রুপের প্রথম ম্যাচে রাজ্যদল পরাজিত হয়েছে। বরোদায় অনুষ্ঠিত খেলায় হিমাচল প্রদেশ ৭ উইকেটে রাজ্যদলকে হারায়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ৫০ ওভারে ৭ উইকেট হারিয়ে ২৮৫ রান করে। দলের পক্ষে ঋতুরাজ ঘোষ রায় ১১২ রান করেন। জবাবে হিমাচল প্রদেশ ৩ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে। আর্যবর্ত শর্মা ১২১ রান করেন।

*********************

*********************